# বরিশাল বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং বিইউ/রেজি/নিয়োগ বিজ্ঞপ্তি/১০২(ভলিউম-২)/২০১২/১৬৮৭৩

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত বিভিন্ন পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদ ও বিভাগ/ দপ্তর | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১. | সেকশন অফিসার: ১ টি স্থায়ী পদ<br>গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল ২০১৫<br>রেজিস্ট্রারের কার্যালয় (একাডেমিক শাখা) | প্রার্থীকে কোনো অনুমোদিত দেশী/বিদেশী স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/ জিপিএ/ সিজিপিএ ২.৫ থাকতে হবে। প্রার্থীর কম্পিউটারে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিং ইত্যাদি সহ প্রতিবেদন লেখার সামর্থ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ২. | অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিস্ট: ২ টি স্থায়ী পদ<br>গ্রেড -১৬, জাতীয় বেতন স্কেল ২০১৫<br>রসায়ন এবং সমাজকর্ম বিভাগ | প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে এইচএসসি/সমমানের পরীক্ষায় পাস হতে হবে। কম্পিউটার অপারেশন কোর্সে প্রশিক্ষণ প্রাপ্ত এবং প্রার্থীর কম্পিউটার টাইপিং স্পিড মিনিটে ইংরেজিতে ন্যূনতম ৩০ এবং বাংলায় ন্যূনতম ২৫ শব্দ হতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে ন্যূনতম ২য় বিভাগ/ শ্রেণি/ সমমানের জিপিএ/ সিজিপিএ থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে সামর্থ থাকতে হবে। |
| ৩. | সহকারী বাবুর্চি (মহিলা) : ০১ টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বোর্ড হতে এসএসসি/ সমমানের পরীক্ষায় পাস হতে হবে। এছাড়াও সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই ট্রেনিং সনদ থাকতে হবে। জেএসসি সনদধারী হলে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪. | হল এটেনডেন্ট (মহিলা): ১ টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫<br>কবি সুফিয়া কামাল হল | প্রার্থীদের কোনো অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/ সমমানের জিপিএ/ সিজিপিএ থাকতে হবে। |
| ৫. | এটেনডেন্ট (পুরুষ): ১ টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫<br>শিক্ষক ও কর্মকর্তা ক্লাব | প্রার্থীর কোনো অনুমোদিত বোর্ড হতে এসএসসি/ সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/ বিভাগ/ সমমানের জিপিএ/ সিজিপিএ থাকতে হবে। |
| ৬. | নিরাপত্তা প্রহরী: ২ টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫<br>রেজিস্ট্রারের কার্যালয় (সিকিউরিটি শাখা) | প্রার্থীকে কোনো অনুমোদিত বোর্ড হতে এসএসসি/ সমমানের পরীক্ষায় পাস হতে হবে। এছাড়াও সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই ট্রেনিং সনদ থাকতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে । জেএসসি সনদধারী হলে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অবসরপ্রাপ্ত সৈনিক/ বিজিবি / পুলিশ/ আনসার/ ভিডিপি সদস্যদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৭. | নিরাপত্তা প্রহরী: ১ টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বোর্ড হতে এসএসসি/ সমমানের পরীক্ষায় পাস হতে হবে। এছাড়াও সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই ট্রেনিং সনদ থাকতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে । জেএসসি সনদধারী হলে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অবসরপ্রাপ্ত সৈনিক/ বিজিবি / পুলিশ/ আনসার/ ভিডিপি সদস্যদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৮. | অফিস সহায়ক: ২ টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫<br>সমাজকর্ম বিভাগ, রসায়ন বিভাগ | প্রার্থীদের কোনো অনুমোদিত বোর্ড হতে এসএসসি/ সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/ বিভাগ/ সমমানের জিপিএ/ সিজিপিএ থাকতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ৯. | অফিস সহায়ক: ১ টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীদের কোনো অনুমোদিত বোর্ড হতে এসএসসি/ সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/ বিভাগ/ সমমানের জিপিএ/ সিজিপিএ থাকতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ১০. | বাস হেলপার: ২ টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫<br>পরিবহণ পুল, রেজিস্ট্রারের কার্যালয় | প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়াও সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই ট্রেনিং সনদ থাকতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। জেএসসি সনদধারী হলে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১১. | গার্ডেনার : ১ টি স্থায়ী পদ<br>গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় পাসসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। জেএসসি সনদধারী হলে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

**শর্তাবলি**

| | |
|---|---|
| (ক) | আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম www.bu.ac.bd থেকে ডাউনলোড করে তথ্যাদি পূরণপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ গ্রেড ৯ম ভুক্ত পদের জন্য ০৮ (আট) সেট এবং গ্রেড-১৬ থেকে গ্রেড-২০ ভুক্ত পদের জন্য ০৩ সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪ বরাবর দাখিল করতে হবে। আবেদনের সময়সীমা: ২৬.০৪.২০২৬ খ্রিস্টাব্দ দুপুর ২টা পর্যন্ত। |
| (খ) | প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্র এবং প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদ (যদি থাকে); (২) মূল আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি ও অন্যান্য প্রতি সেটের সাথে ১ কপি রঙিন ছবি; (৩) অনলাইনে সম্পন্নকৃত জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয়পত্র। |
| (গ) | চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। |
| (ঘ) | ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না। |
| (ঙ) | আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অভিজ্ঞতার যে তথ্য দেয়া হবে চাকুরিতে যোগদানের পর উক্ত যোগ্যতা ও অভিজ্ঞতার অতিরিক্ত কোনো যোগ্যতা বা অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না। |
| (চ) | আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়- এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেডের যে কোনো শাখা থেকে ৯ম গ্রেডের জন্য ২০০/- টাকা, ১৬তম গ্রেডের জন্য ১০০/- টাকা, ২০তম গ্রেডের জন্য ৫০/- টাকা এবং অনগ্রসর নাগরিকদের ক্ষেত্রে (সকল গ্রেডের জন্য) ৫০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। |
| (ছ) | প্রত্যেক প্রার্থীকে খামের উপরে পদের নাম ও বিভাগ/দপ্তরের নাম খামের বাম পাশে স্পষ্ট অক্ষরে প্রার্থীর নাম ও ঠিকানা লিখতে হবে। |
| (জ) | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে। একই সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতাও সংরক্ষণ করে। |
| (ঝ) | সকল পদে আবেদনকারীর বয়সসীমা হবে ২৬.০৪.২০২৬ তারিখ পর্যন্ত সর্বোচ্চ ৩২ বছর। উল্লেখ্য, **অভ্যন্তরীণ (স্থায়ী ও দৈনিক মজুরী ভিত্তিক/কানামনা)** প্রার্থীদের জন্য বয়সের শর্ত শিথিলযোগ্য। |
| (ঞ) | **অভ্যন্তরীণ (স্থায়ী ও দৈনিক মজুরী ভিত্তিক/কানামনা)** প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| (ট) | এই বিজ্ঞপ্তির নিয়োগ কার্যক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারীকৃত কোটা সংক্রান্ত প্রজ্ঞাপন অনুসরন করা হবে। |
| (ঠ) | উপরে উল্লিখিত কোনো পদের ক্ষেত্রে পদবী, বিভাগ/দপ্তর ও হল সম্পূর্ণরূপে একই হলে এবং সংশ্লিষ্ট যোগ্যতাসম্পন্ন প্রার্থী পূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আবেদন করে থাকলে, তাকে পুনরায় আবেদন করার প্রয়োজন হবে না। তবে উল্লিখিত বিষয়সমূহ হুবহু একই না হলে বা কোনো প্রকার অমিল থাকলে, সংশ্লিষ্ট প্রার্থীকে এই বিজ্ঞপ্তির আলোকে নতুনভাবে আবেদন করতে হবে। সে ক্ষেত্রে পূর্বে দাখিলকৃত পে-অর্ডার বা ব্যাংক ড্রাফটের অনুলিপি (ফটোকপি) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। |

স্বা/-

**খান সানজিয়া সুলতানা**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বরিশাল বিশ্ববিদ্যালয়
☏+৮৮০১৭৭২-৯৯১৫১৫

C:\Users\bu\Desktop\Advertisement January 2026.docx